

# সমকাল

## প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ১৮ বছর পূর্তি উদযাপন

প্রকাশ: ৩০ জুলাই ২২ | ১৫:৫২ | আপডেট: ৩০ জুলাই ২২ | ১৮:২২

### অনলাইন ডেক্স



সবার জন্য সুশিক্ষা নিশ্চিত করার ব্রত নিয়ে যাত্রা শুরু করা প্রেসিডেন্সি ইউনিভার্সিটি পার করছে প্রতিষ্ঠার আঠারো বছর। দেশের তরঙ্গ প্রজন্মের জন্য শিক্ষার মান নিশ্চিত করা, সবচেয়ে কম খরচ, দেশের কৃষ্টি-সংস্কৃতির সঙ্গে মেলবন্ধন সৃষ্টি করে পাঠদান করে আসছে বিশ্ববিদ্যালয়টি।

প্রতিষ্ঠার ১৮ বছর পূর্তি উদযাপন উপলক্ষে শুক্রবার ক্ষিবিদ ইনসিটিউটশনে দেশের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানটির প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী, শিক্ষকদের নিয়ে মিলনমেলার আয়োজন করে। পুরনো দিনের স্মৃতিচারণ, বন্ধু-বান্ধবদের চিরচেনা আড়ডা, গান, গল্পে মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠান প্রাঙ্গণ। সকলেই ফিরে যায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কাটানো সোনালী সময়ে। প্রাক্তনদের সঙ্গে বর্তমান শিক্ষার্থীদের অভিজ্ঞতা বিনিময়ও বাড়তি মাত্রা যোগ করে অনুষ্ঠানে।

মিলনমেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ডক্টর মোহাম্মদ মুনিরুজ্জামান। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্যবৃন্দ। অনুষ্ঠানে সঙ্গিত পরিবেশন করেন দেশের সাড়া জাগানো ব্যান্ড চিরকুটসহ প্রখ্যাত সঙ্গীত শিল্পী তনু চৌধুরী, দিপেন মহাজনসহ অন্যরা। শিক্ষার্থী, শিক্ষকসহ অতিথিরা উপভোগ করেন মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। উক্ত টান্ড পুনর্মিলনীতে শিক্ষার্থীদের প্রধান আকর্ষণ ছিল র্যাফেল-ড্র, যার প্রথম পুরস্কার একটি ব্র্যান্ড নিউ মোটরবাইক। এছাড়াও আরো ১৪টি উল্লেখযোগ্য পুরস্কার ছিল।

অনুষ্ঠানের প্রথমাংশে প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মুনিরুজ্জামান, ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সদস্য মো. ইকবাল আনোয়ার সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে বক্তব্য রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি

---

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)